তারিখ 20 AUG 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

কালের কণ্ঠ

# জাতীয়করণের তালিকায় কলেজ, শতভাগ ফেল

**নিজস্ব প্রতিবেদক, কুষ্টিয়া ▷**

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার শেখ ফজিলাতুননেসা মুজিব মহিলা কলেজের শিক্ষার্থীরা এইচএসসি পরীক্ষায় শতভাগ ফেল করেছে। কলেজটি এমপিওভুক্ত (মান্থলি পেমেন্ট অর্ডার) না হওয়া সত্ত্বেও জাতীয়করণের তালিকায় রয়েছে। এ ছাড়া বিগত বছরেও এ কলেজ থেকে শতভাগ ফেলের রেকর্ড রয়েছে।

কলেজ সূত্র জানায়, ২০১৬ সালে এইচএসসি পরীক্ষায় কলেজটি থেকে দুই ছাত্রী অংশ নিয়ে দুজনই ফেল করে।

কলেজটির শিক্ষক ও সাবেক অধ্যক্ষ আবদুল্লাহ আল আজম বলেন, 'এ কলেজের অধিকাংশ শিক্ষক অন্য পেশায় নিয়োজিত থাকায় তাঁরা ছাত্রীদের সঠিকভাবে পড়ালেখায় মনোযোগী করতে পারেননি।'

দৌলতপুর ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আমানুল হক বলেন, 'এমন ফলাফলের পেছনে দুটো কারণ থাকতে পারে। ঠিকমতো ক্লাস না হওয়া এবং ঠিকমতো পাঠদান না করা।'

দৌলতপুর শেখ ফজিলাতুননেসা মুজিব মহিলা কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি রেজওয়ানুল হক রেজু বলেন, 'ফলাফল কেন এত খারাপ হলো সেটা তদন্ত করে দেখব।'